# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ হিজরত, মি’রাজ, ওফাত ইত্যাদি বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩৩. উকাশার প্রতিশোধ গ্রহণ

একটি অতি পরিচিত গল্প উকাশার প্রতিশোধ নেয়ার গল্প। মূল মিথ্যা কাহিনীর উপরে আরো শত রঙ চড়িয়ে এ সকল গল্প বলা হয়। মূল বানোয়াট কাহিনী হলো, রাসূলুল্লাহ (ﷺ) ইন্তেকালের পূর্বে সাহাবীগণকে সমবেত করে বলেন, আমি যদি কাউকে কোনো যুলুম করে থাকি তবে আজ সে প্রতিশোধ বা বদলা গ্রহণ করুক। এক পর্যায়ে উকাশা নামক এক বৃদ্ধ উঠে বলেন, এক সফরে আপনার লাঠির খোঁচা আমার কোমরে লাগে। উকাশা রাসূলুল্লাহ (ﷺ)-এর কোমরে লাঠির খোঁচা মেরে প্রতিশোধ নিতে চান। হাসান, হুসাইন, আবু বাকর, উমার প্রমুখ সাহাবী (রাদিয়াল্লহু আনহুম) উকাশার সামনে নিজেদের দেহ পেতে দেন প্রতিশোধ নেয়ার জন্য, কিন্তু তিনি তাতে রাজি হন নি। উকাশার দাবী অনুসারে রাসূলুল্লাহ ﷺ নিজের গায়ের জামা খুলে দেন। উকাশা তাঁর পেটে চুমু দেন এবং তাঁকে ক্ষমা করে দেন।..... ইত্যাদি।

পুরো ঘটনাটিই বানোয়াট। তবে সনদ বিহীন বানোয়াট নয়, সনদ-সহ বানোয়াট। পঞ্চম হিজরী শতকের প্রসিদ্ধ মুহাদ্দিস আবূ নু'আইম ইসপাহানী তার ‘হিলইয়াতুল আউলিয়া নামক গ্রন্থে এ হাদীসটি সংকলন করেছেন। তিনি বলেন, আমাদেরকে সুলাইমান ইবনু আহমাদ বলেছেন, আমাদেরকে মুহাম্মাদ ইবনু আহমাদ আল-বারা বলেছেন, আমাদেরকে আব্দুল মুনয়িম ইবনু ইদরীস বলেছেন, তিনি তাঁর পিতা থেকে, ওয়াহ্ব ইবনু মুনাবিবহ থেকে, তিনি জাবির ও ইবনু আববাস (রা) থেকে .... এ হাদীসটি বর্ণনা করেছেন।

এ হাদীসের বর্ণনাকারী আব্দুল মুনয়িম ইবনু ইদরীস (২২৮হি) তৃতীয় হিজরী শতকে বাগদাদের প্রসিদ্ধ গল্পকার ওয়ায়িয ছিলেন। ইমাম আহমাদ ও অন্যান্য মুহাদ্দিস সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন যে, এ ব্যক্তি জালিয়াত ছিলেন। তার ওয়াযের আকর্ষণ বাড়ানোর জন্য এরূপ বিভিন্ন গল্প তিনি সনদ-সহ বানিয়ে বলতেন। এ হাদীসটিও তার বানানো একটি হাদীস। মুহাদ্দিসগণ একমত যে, হাদীসটি জাল, বানোয়াট ও জঘন্য মিথ্যা।[1]

## ফুটনোট

[1] আবূ নু'আইম, হিলইয়া ৪/৭৩-৭৫; ইবনুল জাওযী, মাউযূআত ১/২১৯; সুয়ূতী, আল-লাআলী ১/২৭৭-২৮২; ইবনু আর্রাক, তানযীহ ১/৩২৬-৩৩১; লাখনবী, আল-আসার, পৃ. ৩৮-৪২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4825

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন